# মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ মোঃ রাশিদুর রহমান রাসেল
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।

সভার স্থান ঃ ভাইস চেয়ারম্যান এর কার্যালয়
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
সভার তারিখ ঃ০৬/০৫ /২০২২ খ্রিঃ।
সভার সময় ঃ ১১:০০ ঘটিকা।

সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। চেয়ারম্যান, পদ্মাকর ইউপি, ঝিনাইদহ সদর বলেন বর্তমান সরকার গুরুত্বপূর্ণ কার্যক্রম পর্যালোচনার জন্য এই স্থায়ী কমিটি দেশ জাতীয় উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। সভাপতি সদস্য সচিবকে সভার কার্যক্রম পরিচালনা করার জন্য দৃষ্টি আকর্ষণ করেণ।

০১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন।
০২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, এলাকা ভিত্তিক শিক্ষা কার্যক্রম সঠিক নিয়মে জরিপের মাধ্যমে মনিটরিং করা হচ্ছে। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান তাদের স্ব স্ব প্রতিষ্ঠান গুলোতে তাদের সাধ্যমত শিক্ষা প্রদানের কাজে চেষ্টা চালিয়ে যাচ্ছেন। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছেলেমেয়েদের শিক্ষা নেয়ার যে সমস্ত পরিবেশ দরকার তার সার্বিক বিষয় সভায় আলোচনা করা হয়। এ বিষয়ে সকল সদস্যগণ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে বিষয়টি সঠিক ভাবে পর্যালোচনা করা ও সার্বিক সহযোগিতার আশ্বাস প্রদান করেন।
বাস্তবায়ন ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।

০৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, যে সকল স্কুল ও মাদ্রাসায় চেয়ার ও বেঞ্চ সংকট সে সমস্ত স্কুল ও মাদ্রাসার জন্য চেয়ার ও বেঞ্চ সরবরাহ করা প্রয়োজন। এ ব্যাপারে আলোচনা কালে সভা যে সমস্ত স্কুল মাদ্রাসায় চেয়ার ও বেঞ্চ সংকট সে সমস্ত প্রতিষ্ঠানের তালিকা করে কার্যকরী ব্যবস্থা নেয়ার ব্যাপারে সকল সদস্যগণ একমত পোষণ করেন। সদস্য সচিব আরও জানান যে, বিদ্যালয়ের ক্লাস রুমের অবস্থা অনেক বিদ্যালয়েই ভাল নেই সেখানে ছেলে মেয়েরা ঝুকি নিয়ে ক্লাস করছেন।
তাদের এ ঝুকির মধ্যে থেকে বাঁচাতে হলে তাদেরকে সে সমস্ত স্কুলে নতুন রুম তৈরী করে দিয়ে ছেলে মেয়েদের শিক্ষার ব্যবস্থা করতে হবে।
গান্না ইউপি চেয়ারম্যান সভাকে জানান যে, কৈশরকালীন পুষ্ঠি ও বয়ঃসন্ধিকাল বিভিন্ন সমস্যা ও তার সমাধান সম্পর্কে শিক্ষার্থীদের সচেতন করে তুলতে হবে।এ ব্যাপারে মহিলা শিক্ষকদেরকে প্রশিক্ষনের ব্যবস্থা করতে হবে যাতে শিক্ষার্থীদের সঠিক পরামর্শ দিতে পারে। এ বিষয়ে সকল সদস্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে সার্বিক সহযোগীতা করা হবে মর্মে জানান। শিক্ষার জন্য সকল প্রাথমিক বিদ্যালয়ে তাদের নিজ নিজ অবস্থানে থেকে ছেলে মেয়েদের শিক্ষা দেয়ার জন্য সকল সার্বিক সহযোগিতা ও তাগিদ প্রদান করার জন্য সদস্য সদস্য সচিবকে অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ঝিনাইদহ সদর প্রয়োজনীয় ব্যবস্থা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।
বাস্তবায়নঃ উপজেলা শিক্ষা অফিসার, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।

সভাপতি
মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি
ও
উপজেলা ভাইস চেয়ারম্যান
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।

স্মারক নং- উপ/মাধ্য/শিক্ষা/অ/সদর/ঝিনাই/২০২২-১৪১(৩) তারিখ ঃ০৬/০৫/২০২২খ্রিঃ।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল ঃ-

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
০২। উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
০৩। অফিস কপি।

০৬/০৫/২২

সদস্য সচিব
মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি
ও
উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা শিক্ষা কর্মকর্তার কার্যালয়
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।

স্মারক নং- উপ/শিক্ষা/অ/সদর/ঝিনাই/২০২২-৭৬৫ তারিখ ঃ ০৩/০৫/২০২২ খ্রিঃ।

এতদ্বারা আপনাকে জানানো যাচ্ছে যে, আপনি উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসাশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির একজন সম্মানিত সদস্য হওয়ায় আগামী ০৬/০৫/২০২২ খ্রিঃ তারিখ সকাল ১১ ঃ ০০ ঘটিকার সময় উপজেলা ভাইস চেয়ারম্যান মহোদয় সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভা আহবান করা হয়েছে।

উক্ত সভায় উপস্থিত হয়ে মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক বিষয় সম্পর্কে প্রয়োজনীয় সহযোগিতার অনুরোধ করছি।

আলোচ্যসূচি ঃ

০১। কৈশরকালীন পুষ্টি ও বয়ঃসন্ধিকালের বিভিন্ন সমস্যা ও সমাধান সংক্রান্ত।

০২। বিবিধ।

প্রাপক ঃ ..........................................
..........................................
..........................................
..........................................

০৩/০৫/২২

সদস্য সচিব
মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি
ও
উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।

উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ এর সভায় উপস্থিতি ঃ

সভাপতি ঃ মোঃ রাশিদুর রহমান রাসেল
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।

সভার স্থান ঃ উপজেলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ।
সভার তারিখ ঃ ০৬/০৫/২০২২ খ্রিঃ।
সভার সময় ঃ সকাল ১১.০০ টা।

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১। | মো: রাশিদুর রহমান | ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ | | |
| ০২। | মো: সাহিদুল ইসলাম সিকদার | চেয়ারম্যান, ১৩ নং ফুরসন্দি ইউপি, | | |
| ০৩। | মো: মোজাম্মেল হোসেন | চেয়ারম্যান, ০৩, নং সাধুহাটী ইউপি | | |
| ০৪। | মো: সিরাজুল করিম | চেয়ারম্যান, ০৫ নং কুমড়াবাড়ীয়া ইউপি | | |
| ০৫। | শেখ মো: কামরুজ্জামান | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, | | |